



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 2nd
Answer Worksheet - 22
Class - 2

Subject : Bengali Text
Topic : নিজস্ব সংবাদদাতা

Date : 27.11.2020

নীচের প্রশ্নগুলির উত্তর লেখ।

১) 'নিজস্ব সংবাদদাতা' — পাঠটি কার লেখা ও নিজস্ব সংবাদদাতা বলতে কাদের বোঝানো হয়েছে, তাদের নামগুলি কী কী এবং এই সংবাদদাতারা কীভাবে কাজ করে?

উঃ 'নিজস্ব সংবাদদাতা' পাঠটি সুভাষ মুখোপাধ্যায়ের লেখা। নিজস্ব সংবাদদাতা বলতে আমাদের শরীরের পাঁচটি ইন্দ্রিয়কে বোঝানো হয়েছে। তাদের নামগুলি হল - চোখ, কান নাক, জিভ ও ত্বক। এই সংবাদদাতারা পাঁচটি পাঁচ রকম হয়েও তারা একসঙ্গে মিলেমিশে কাজ করে।

২) এই নিজস্ব সংবাদদাতারা কে কী কাজ করে?

উঃ নিজস্ব সংবাদদাতাদের মধ্যে চোখের কাজ হল দেখা ও কানের কাজ হল শোনা। নাকের কাজ হল গন্ধ নেওয়া। জিভের কাজ হল কোনো জিনিসের স্বাদ গ্রহণ করা। আর ত্বকের কাজ হল গরম ও ঠাণ্ডা অনুভব করা।

৩) কাদের তুখোড় সংবাদদাতা বলা হয়েছে ও কেন?

উঃ চোখ, কান ও নাক - এদের তুখোড় সংবাদদাতা বলা হয়েছে। কারণ আমাদের যেখানে হাত যায় না সেখানকার খবর তারা জোগাড় করে আনতে পারে। এছাড়া অনেক দূরের খবরও তারা আমাদের দিতে পারে। আবার কোনো জিনিস আড়ালে থাকলেও তারা তার খবর দিতে পারে।

_____ x _____

Rita Das